



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, মার্চ ১৫, ২০০৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
অবা-১ শাখা
আদেশ

তারিখ, ৩০ ফাল্গুন ১৪১০/১৩ মার্চ ২০০৪

এস আর ও নং ৭৩-আইন/২০০৪—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 এর sub-section (I) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, আমদানি নীতি আদেশ, ২০০৩—২০০৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা ঃ—

উপরি-উক্ত আদেশ-এর অনুচ্ছেদ ২৬.২৭ এর পর নিম্নরূপ অনুচ্ছেদ ২৬.২৮ সংযোজিত হইবে, যথা ঃ—

২৬.২৮ পরিশোধিত এডিবল অয়েল ঃ—

“পরিশোধিত এডিবল অয়েল নিম্নোক্ত শর্তাদি সাপেক্ষে আমদানি করা যাইবে, যথা ঃ—

২৬.২৮.১ পরিশোধিত এডিবল অয়েল বাস্কআকারে পরিশোধিত এডিবল অয়েল বহনকারী ট্যাংকারে আমদানি করিতে হইবে। উক্ত পণ্য খালাসের পর পরিশোধিত এডিবল অয়েল সংরক্ষণ উপযোগী ট্যাংক টারমিনালে সংরক্ষণ করিতে হইবে এবং সংশ্লিষ্ট আমদানিকারককে উক্ত পণ্য দেশের অভ্যন্তরে পরিবহণ/সরবরাহ করার সময় উহা অবশ্যই পরিশোধিত এডিবল অয়েল বহনকারী ট্যাংকারে বা নূতন কনটেইনারে পরিবহণ/সরবরাহ করিতে হইবে ;

২৬.২৮.২ আমদানিতব্য পরিশোধিত এডিবল অয়েল রপ্তানিকারক দেশের স্ট্যাণ্ডার্ড মানসম্পন্ন এবং বাংলাদেশের বিএসটিআই মানসম্পন্ন হইতে হইবে এবং এতদসংক্রান্ত বিষয়ে উভয় দেশের কর্তৃপক্ষের বৈধ সনদপত্র পণ্য খালাসের সময় গুরু কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে ;

২৬.২৮.৩ ড্রাম বা বোতল বা কনটেইনারে আমদানির ক্ষেত্রে উহাদের গায়ে পণ্য উৎপাদনের ও মেয়াদ উত্তীর্ণের তারিখ উল্লেখ থাকিতে হইবে : এবং

২৬.২৮.৪ এই আদেশের অনুচ্ছেদ ১৬.০ এর বিধানাবলী যথাযথভাবে অনুসরণ করিতে হইবে।”।

রাষ্ট্রপতির আদেশক্রমে

পরাগ

উপ-সচিব (আইআইটি-২)।